



## প্রেস বিজ্ঞপ্তি

স্মারক নং-৮০.০০.০০০০.৪০৮.২৩.০০১.২২-২৬৬

তারিখঃ ২৪.০৮.২০২২

**বিষয়ঃ স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনে আলোচনা সভা।**

আজ ২৪.০৮.২০২২ তারিখ বুধবার দুপুর ৩:০০ মিনিটে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ৭১ মিলনায়তনে “স্বাধীনতার মহান স্থপতি সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস” উপলক্ষ্যে আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব ফরহাদ হোসেন, এম.পি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দ। বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসাইন অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন। অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৯৭৫ সালের ১৫ই আগস্টে শাহাদত বরণকারী সকলের স্মরণে ১ মিনিট নীরবতা পালন করা হয়। আলোচনা অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সচিব স্বাগত বক্তব্য প্রদান করেন। আলোচনা সভার প্রধান অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম না হলে বাংলাদেশ তার আত্মপরিচয় পেতনা। তিনি বলেন, “দৃঢ় চেতা নিউক বঙ্গবন্ধু জানতেন মহৎ কিছু অর্জন করতে হলে মহৎ কিছু ত্যাগ করতে হয়। এ কারণেই বঙ্গবন্ধু মৃত্যুকে তুচ্ছ করে এনে দিয়েছেন বাঙ্গালী জাতির স্বাধীনতা।” প্রতিমন্ত্রী বলেন যে, স্বাধীনতা বিরোধী ও একাত্তরের পরাজিত শক্তি স্বাধীনতার চেতনাকে নস্যং করতে ও দেশের উন্নয়ন ধারাকে বাধাগ্রস্ত করতে ষড়যন্ত্র চালিয়ে যাচ্ছে। আগস্ট এলে এই অপশক্তি নানা অপকর্মের মধ্য দিয়ে ষড়যন্ত্রের ডাল-পালা আরও বিস্তার ঘটায়। একাত্তরের এই পরাজিত শক্তিকে প্রতিহত করতে সকলকে সতর্ক এবং ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান। তিনি আরও বলেন, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে সকলকে সোনার মানুষ হয়ে কাজ করতে হবে। অনুষ্ঠানে সভাপতি মাননীয় চেয়ারম্যান জনাব মোঃ সোহরাব হোসাইন বলেন, “সর্বকালের শ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর কারনেই বাঙ্গালী জাতি পেয়েছে বাঙ্গালী জীবনের বড় অর্জন স্বাধীনতা। স্বাধীনতার চেতনাকে ধারণ করলেই বঙ্গবন্ধুর প্রতি প্রকৃত শ্রদ্ধা নিবেদন করা হয়। বঙ্গবন্ধু যে স্বপ্নের সোনার বাংলা গড়ার কথা বলেছেন সেই সোনার মানুষ অর্থাৎ সং, দক্ষ ও যোগ্য মানুষ বাছাই করার দায়িত্ব পাবলিক সার্ভিস কমিশনের। আমরা যে যার দায়িত্ব সততার সাথে পালন করলেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ে তোলা সম্ভব।” অনুষ্ঠানে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।

Great Shornix  
28/08/2022  
(ইশরাত শারমীন)

বার্তা সম্পাদক/সিনিয়র রিপোর্টার/রিপোর্টার  
সকল দৈনিক পত্রিকা ও অনলাইন নিউজ পোর্টাল

জনসংযোগ কর্মকর্তা  
ফোনঃ ৫৫০০৬৬৯০

email: pro.bpsc@gmail.com